

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে 'বি' ইউনিটের গুচ্ছ ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের (GST) গুচ্ছভুক্ত স্নাতক (সম্মান) শ্রেণির 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা আজ শুক্রবার (২ মে ২০২৫) সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। নোবিপ্রবির বিভিন্ন কেন্দ্রে সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হয়। আজ 'বি' ইউনিটের ২১৪৯ জন পরীক্ষার্থীর মধ্যে উপস্থিত ছিল ১৯৭৭ জন, পরীক্ষায় উপস্থিতির হার ৯২ শতাংশ।

পরীক্ষা শুরু হলে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল পরীক্ষার কেন্দ্রসমূহ পরিদর্শন করেন। এসময় নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, পরীক্ষা পরিচালনা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, নোবিপ্রবি জিএসটি ভর্তি পরীক্ষার ফোকাল পয়েন্ট অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর সরকার, টেকনিক্যাল কমিটির সদস্য সচিব অধ্যাপক ড. মোঃ আশিকুর রহমান খান, আপ্যায়ন উপ-কমিটির আহ্বায়ক ড. আবদুল কাইয়ুম মাসুদ, পরীক্ষা হলসমূহে ভিজিল্যান্স ও শৃঙ্খলা উপ-কমিটির আহ্বায়ক এ এফ এম আরিফুর রহমান, পরীক্ষা পরিচালনা কমিটি ও বিভিন্ন উপ-কমিটির সদস্যবৃন্দ বিভিন্ন কেন্দ্রে উপস্থিত ছিলেন।

পরিদর্শন শেষে উপাচার্যের কার্যালয়ে আয়োজিত তাৎক্ষণিক প্রেস ব্রিফিংয়ে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, গত পরীক্ষার মতো এবারও আমরা অভিভাবকদের জন্য বসার সুব্যবস্থা রেখেছি। এ পর্যন্ত পরীক্ষাকে কেন্দ্র করে কোনো সমস্যা পরিলক্ষিত হয়নি। আশা করি শিক্ষার্থীরা খুব ভালোভাবে পরীক্ষা দিতে পেরেছে। আগামী ৯ মে শুক্রবার 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই পরীক্ষাটি বিশ্ববিদ্যালয় কেন্দ্রসহ নোয়াখালীর আরও চারটি কেন্দ্রে অনুষ্ঠিত হবে। আমরা আজকের ও বিগত পরীক্ষায় যেভাবে নোয়াখালীবাসীর সহযোগিতা পেয়েছি, আশা করি আগামী ৯ মে'র পরীক্ষাতেও সর্বস্তরের লোকজন আমাদের পরীক্ষার্থীদের সহযোগিতা করবে। এ সময় তিনি আরও বলেন, আশা করি আমরা অত্যন্ত সুশৃঙ্খলভাবে এ বছরের গুচ্ছ ভর্তি পরীক্ষার কার্যক্রম সম্পন্ন করতে পারবো। আমি ভর্তি পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট কমিটি ও উপ-কমিটির সদস্যবৃন্দ, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীসহ সকলকে ধন্যবাদ জানাই।

তিনি এসময় সাংবাদিকদের উদ্দেশ্য করে বলেন, আপনাদের মাধ্যমে আমি নোয়াখালীবাসীকে ধন্যবাদ জানাতে চাই, বিশেষ করে জেলা প্রশাসন, স্থানীয় পুলিশ ও গোয়েন্দা সংস্থা, বিদ্যুৎ পরিষেবা, স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যবৃন্দ, বিভিন্ন ক্লাবসমূহের শিক্ষার্থীবৃন্দ, সাংবাদিকবৃন্দ এবং সর্বোপরি নোয়াখালীবাসীসহ যারা ভর্তি পরীক্ষায় সহায়তা করেছেন সবার প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

প্রসঙ্গত, আগামী ৯ মে ২০২৫ তারিখে 'এ' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪